



২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক শ্রেণীতে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ৮টি অনুষদের ২৩টি ডিগ্রীর জন্য ২০২৪ইং শিক্ষাবর্ষের স্নাতক পর্যায়ে GST কর্তৃক প্রকাশিত ফলাফল অনুযায়ী যারা এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে আগামী ২১ ও ২২ অক্টোবর ২০২৪ খ্রী. নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করে চূড়ান্ত ভর্তি সম্পন্ন করতে বলা হলো।

ভর্তি প্রক্রিয়া

১. GST কর্তৃক প্রকাশিত ফলাফল অনুযায়ী যারা এ বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত হয়েছে তাদেরকে আগামী ২১ ও ২২ অক্টোবর ২০২৪ খ্রী. তারিখ সকাল ১০.০০ হতে বিকাল ৪.০০টার মধ্যে ভর্তি হতে হবে।
২. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে ওয়েবসাইটে (<https://www.admission.hstu.ac.bd>) প্রবেশ করে নির্ধারিত ভর্তি ফি জমাদান সাপেক্ষে অনলাইনে ভর্তি ফরম পূরণ করতে হবে। ভর্তি ফরম আগামী ২০/১০/২০২৪ খ্রী. বিকাল ৫.০০টার পর হতে পূরণ করা যাবে।
৩. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (<https://www.admission.hstu.ac.bd>) প্রবেশ করে GST কর্তৃক প্রদত্ত রোল ও GST-তে প্রদত্ত মোবাইল নম্বর দিয়ে লগইন পূর্বক নির্ধারিত ফি প্রদানপূর্বক পূরণকৃত ভর্তিফরম ডাউনলোড ও প্রিন্ট করা যাবে।
৪. উল্লেখিত ফরমের প্রিন্টেড কপি শিক্ষার্থীদেরকে সংশ্লিষ্ট ডিন অফিসে আগামী ২২/১০/২০২৪খ্রী. বিকাল ৪.০০টার মধ্যে জমা দিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে। উল্লেখিত সময়ের মধ্যে ভর্তি না হলে শিক্ষার্থীর ভর্তি বাতিল এবং আসনটি ফাঁকা বলে গণ্য হবে। ভর্তির ধাপসমূহ পরবর্তীতে জানানো হবে।
৫. ভর্তিকৃত সকল ছাত্র-ছাত্রীদের স্বাস্থ্যবীমার আওতায় আনা হবে।

ভর্তি ফি ও ফি প্রদান প্রক্রিয়া

৬. প্রাথমিকভাবে ভর্তিকৃত শিক্ষার্থীদেরকে মোবাইল ব্যাংকিং সিস্টেম নগদ-এর মাধ্যমে ভর্তি ফি বাবদ সর্বমোট ১০৯১৫ টাকা (১৫৯১৫-৫০০০=১০৯১৫/-) (দশ হাজার নয়শত পনেরো টাকা) + মোবাইল ব্যাংকিং সার্ভিস চার্জসহ জমা দিতে হবে। ফি প্রদান সংক্রান্ত বিস্তারিত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.hstu.ac.bd/admission) -এ পাওয়া যাবে।
৭. উল্লেখিত মোবাইল ব্যাংকিং ব্যতিরেকে শিক্ষার্থীরা রূপালী ব্যাংক এর যে কোন শাখায় স্বশরীরে হিসাব নং- ৫০৭৪০২০০০০২৩১ (হিসাবের শিরোনামঃ অ্যাডমিশন কমিটি, হাবিপ্রবি) এ সর্বমোট ১০৯১৫/- (দশ হাজার নয়শত পনেরো টাকা) জমা দিয়ে ভর্তি ফরম ডাউনলোড করতে পারবে। এই ক্ষেত্রে শিক্ষার্থীদের ভর্তি ফি জমাদানের ব্যাংক রশিদ বিশ্ববিদ্যালয়ের আইটি সেল কর্তৃক যাচাই করে নিতে হবে।

সতর্কীকরণ

৮. ভর্তির আবেদন সংক্রান্ত কোন তথ্য মিথ্যা, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে আবেদনটি সরাসরি বাতিল বলে গণ্য হবে। ভর্তির পর আবেদনপত্রে কোন ভুল/মিথ্যা ধরা পড়লেও ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর ভর্তি বাতিল হবে এবং মিথ্যা তথ্য প্রদানের বিষয়ে প্রমাণিত হলে শিক্ষার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ভাইস-চ্যান্সেলর (দায়িত্বপ্রাপ্ত) মহোদয়ের অনুমোদনক্রমে-



প্রফেসর ড. এম জাহাঙ্গীর কবির

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

হাবিপ্রবি, দিনাজপুর-৫২০০